

ক্রয়কারীর নামঃ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭

পণ্যের নাম

ক্রঃ	মালামালসমূহ	মালামালের বিবরণ	প্রস্তাবিত ক্রয়ের পরিমাণ
১	ফিতা	High Quality Lase: Fitting with Korean Hook-2cm, One Side Printed (As per sample of BSEC)	২০০ টি
২	ডিম্বাকৃতি ক্লিপ	YOYO Card Hooks- One side Printed Frame (As per sample of BSEC)	৪০০ টি
৩	গোলাকার ক্লিপ	YOYO Card Hooks/ Pocket Clip- One side Printed Frame (As per sample of BSEC)	৩০০ টি
৪	ফ্রেম	ID Card Metal Frame (As per sample of BSEC)	২০০ টি

উপরোক্ত পণ্যের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল

কোটেশন নম্বর : বিএসইসি/প্রশাসন/১৩:৩৮/২০২৪/RFQ-০২/৯৪৯

তারিখ: ২৮/১০/২০২৪

প্রতি,

...[সম্ভাব্য দরপত্রদাতার নাম ও ঠিকানা লিখুন].....

- ১। জনাব মোহাম্মদ জাহাজীর আলম (প্রশাসন ও অর্থ), ক্রয়কারী এর অনুকূলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন থেকে তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।
- ২। ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।
- ৩। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।
- ৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।
- ৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।
- ৬। সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে ৬ নভেম্বর, ২০২৪ বেলা ২.০০ ঘটিকার বা উহার পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "আইডি কার্ড এক্সেসরিজ সংক্রান্ত মনিহারী পণ্য সরবরাহের জন্য কোটেশন" এবং মাধ্যমে ৬ নভেম্বর, ২০২৪ বেলা ২.০০ ঘটিকার এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।
- ৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাজিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।
- ৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে।
- ৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।